বিসমিল্লাহির রহমানির রাহিম

# জামিয়াতুল আশরাফ ঢাকা

## সম্মানিত অভিভাবকবৃন্দের জ্ঞাতব্য

০১। সন্তানের লেখা-পড়া ও আমল আখলাকের উন্নতিকল্পে জামিয়া-কর্তৃপক্ষ যে কর্ম পদ্ধতি অবলম্বন করে তাতে একাত্মতা পোষণ করা অভিভাবকের অপরিহার্য দায়িত্ব।

০২। সপ্তাহে দুই দিন-সোমবার ও শুক্রবার, বাদ আসর থেকে মাগরিবের ২০ মিনিট পূর্ব পর্যন্ত ছাত্রের সাথে সরাসরি সাক্ষাৎ করা যাবে। এছাড়া বাদ আসর থেকে মাগরিবের ২০মিনিট পূর্ব পর্যন্ত ছাত্রের সাথে ফোনে কথা বলা যাবে। **{হিফজ বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য}**

০৩। হিফজ বিভাগের শিক্ষার্থীদের জন্য মাদরাসায় আবাসিক অবস্থান করা এবং বোর্ডিংয়ের খাবার গ্রহণ করা আবশ্যক।

০৪। কর্তৃপক্ষ তালিবুল ইলমের সার্বিক নিরাপত্তার ব্যাপারে পূর্ণ আমানতদারিতার সাথে পুরোপুরি যত্নবান থাকা সত্ত্বেও (আল্লাহ না করুন) কোনো ছেলে পালিয়ে গেলে, হারিয়ে গেলে বা কোনো প্রকার অনাকাঙ্ক্ষিত ঘটনার সম্মুখীন হলে তার দায়ভার জামিয়ার কর্তৃপক্ষ বহন করবে না।

০৫। মোবাইল ফোন ও মাদরাসা কর্তৃক নিষিদ্ধ জিনিস আনা যাবে না।

০৬। মাদরাসার ব্যাপারে আপনার কোনো সুচিন্তিত পরামর্শ থাকলে বা কোনো প্রয়োজন হলে ফোনে : ০১৯১২-০৮৮৬৯৭ (মুহতামিম), ০১৩১৩৮৯৬৪০৫ (নূরানী, নাজেরা ও হিফজ বিভাগের প্রধান শিক্ষক) অথবা সরাসরি জানান। শুধু ধারণা বা কেবল শোনার ওপর ভিত্তি করে কোনো অযাচিত মন্তব্য বা সমালোচনা নিজের ও সন্তানের জন্য ক্ষতিকর।

০৭। মাদরাসার ন্যায় বাড়িতেও দ্বীনি পরিবেশ কায়েম করা, নিজের বাড়িকে সমস্ত হারাম জিনিস থেকে মুক্ত রাখা (যেমন: বাদ্যযন্ত্র, টেলিভিশন, বে-পর্দা, নাজায়েজ ছবি, জীব-জন্তুর ভাস্কর্য ইত্যাদি) এবং ঘরের প্রতিটি ক্ষেত্রে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নতের অনুসরণের চেষ্টা করা। সাথে সাথে আমলের তাওফিকের জন্য দোয়ার এহতেমাম করা। আল্লাহ আমাদেরকে ভাল কাজ করার তাওফিক দান করুন।

০৮। মাসে অন্তত একবার যিম্মাদার উস্তাদের সাথে যোগাযোগ রক্ষা করাকে নিজের দায়িত্ব মনে করবেন।

০৯। আপনার সন্তানের আমল-আখলাক ও আচার-আচরণে কোন ত্রুটি থাকলে, অনুগ্রহপূর্বক আমাদেরকে অবহিত করুন। যাতে আমরা এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারি।

১০। প্রতিষ্ঠান থেকে অভিভাবক সমাবেশ ডাকা হলে অবশ্যই উপস্থিত থাকতে হবে। অত্যন্ত জরুরি প্রয়োজনে প্রধান অভিভাবক (বাবা-মা) আসতে না পারলে বিকল্প অভিভাবক পাঠাতে হবে। প্রতিষ্ঠানের পক্ষ থেকে শিক্ষার্থীদের কল্যাণের জন্য যে সকল সিদ্ধান্ত নেয়া হবে, সে ব্যাপারে পূর্ণ আস্থা রাখতে হবে।

১১। প্রতিষ্ঠানের অন্যান্য নিয়ম-শৃঙ্খলা শ্রদ্ধার সাথে মেনে চলতে হবে। কোনো শিক্ষার্থী প্রতিষ্ঠানের নিয়ম ভঙ্গ করলে অথবা প্রতিষ্ঠানের বাইরে কোনো ধরনের অসামাজিক কাজ করলে বা কাউকে করতে সাহায্য করলে অভিভাবককে ডেকে এনে সতর্কীকরণ এমনকি অগত্যা প্রয়োজনে প্রতিষ্ঠান থেকে বহিষ্কারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১২। ১০ বছর বা তার চেয়ে কম বয়সী শিক্ষার্থীদের আসা-যাওয়ার সময় অভিভাবক বা তার প্রতিনিধি সঙ্গে থাকা বাধ্যতামূলক। আর এগারো বা তদূর্ধ বয়সী শিক্ষার্থীদের একাকী আসা-যাওয়া মোহতামীম সাহেব ও জিম্মাদার উস্তাদের অনুমতি সাপেক্ষ বিষয়।

## ছুটি সংক্রান্ত নিয়মাবলি

০১। মাসিক ছুটি প্রতি এক মাস অন্তর বৃহস্পতিবার বাদ যোহর হতে শনিবার মাগরিব পর্যন্ত।

০২। ছুটির সময় প্রদত্ত তালিমী ও তারবিয়াতী কর্মসূচি পালনে অভিভাবকগণ সজাগ দৃষ্টি রাখবেন।

০৩। মাদরাসার ছুটিবিধি যথাযথভাবে পালন করতে হবে। বন্ধ পরবর্তী ও মাসিক ছুটির শনিবার মাগরিবের পূর্বে তালিবে ইলমকে মাদরাসায় উপস্থিত করা অভিভাবকের দায়িত্ব। তবে যদি হঠাৎ অসুস্থতা বা জরুরি কারণে মাদরাসায় আসতে না পারে তাহলে অবশ্যই ওই দিন মাগরিবের পূর্বে যিম্মাদার উস্তাদকে জানাতে হবে। অন্যথায় অভিভাবক স্বশরীরে উপস্থিত হয়ে বিভাগীয় প্রধান শিক্ষক বরাবর দরখাস্ত লিখে হিফজ, নূরানী ও নাজেরা বিভাগের সকল শিক্ষকের স্বাক্ষর নিয়ে দরখাস্ত মঞ্জুর করতে হবে|

০৪। পারিবারিক অনুষ্ঠানাদিতে তালিবে ইলমের অংশগ্রহণ কাম্য হলে, তার তারিখ মাদরাসার ছুটি লক্ষ রেখে করতে হবে। (অন্যথায় বিষয়টি তালিবে ইলমের অগোচরে রাখতে হবে) এ ব্যাপারে কোনো ধরনের আবেদন করা যাবে না।

# মাসিক প্রদেয় সংক্রান্ত নিয়মাবলি

০১। প্রত্যেক ইংরেজি মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে চলতি মাসের খরচের টাকা অফিসে জমা দিতে হবে। বিশেষ সমস্যার ক্ষেত্রে নির্দিষ্ট তারিখ উল্লেখপূর্বক মুহতামিম সাহেবের নিকট থেকে লিখিত অনুমতিক্রমে খানা জারি থাকবে। অন্যথায় ১০ (দশ) তারিখ দুপুর থেকে বোর্ডিংয়ের খানা স্থগিত থাকলে  কর্তৃপক্ষকে অপারগ মনে করবেন।

**<u>২০২৬-২০২৭ ঈ. শিক্ষাবর্ষের আবাসিক নতুন ছাত্রদের মাসিক প্রদেয় :</u>**

| ক্র. | মাস | সন | মাসভিত্তিক টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | এপ্রিল-ডিসেম্বর (মোট ৯ মাস)। | ২০২৬ | ৫৫০০/= |
| ০২ | জানুয়ারী-মার্চ (মোট ৩ মাস)। | ২০২৭ | ৫৫০০/= |

**<u>২০২৬-২০২৭ ঈ. শিক্ষাবর্ষের অনাবাসিক নতুন ছাত্রদের মাসিক প্রদেয় :</u>**

| ক্র. | মাস | সন | মাসভিত্তিক টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | এপ্রিল-ডিসেম্বর (মোট ৯ মাস)। | ২০২৬ | ২৬০০/= |
| ০২ | জানুয়ারী-মার্চ (মোট ৩ মাস)। | ২০২৭ | ২৬০০/= |

**বি. দ্র. *** ২০২৬ ঈসায়ীর এপ্রিল থেকে ২০২৭ এর মার্চ পর্যন্ত মোট ১২ মাসের মাসিক প্রদেয় প্রদান করতে হবে। ছুটি বা অনুপস্থিতির কারণে টাকা কর্তন করা হবে না। দ্রব্যমূল্যের উর্ধ্বগতির কারণে নিরুপায় হলে উপরোল্লিখিত টাকা বৃদ্ধি পেতে পারে।

- সন্তানকে মানুষ করতে পারা একজন অভিভাবকের সবচেয়ে বড় প্রাপ্তি। একজন আদর্শ সন্তান দুনিয়াতে চোখের শীতলতা ও আখেরাতের সদকায়ে জারিয়া এবং সর্বশেষ নাজাতের জরিয়া। তাই সন্তানের শিক্ষা-দীক্ষার উন্নতি ও “জামিয়াতুল আশরাফ” এর প্রতিটি কাজ সুচারুরূপে আঞ্জাম দেয়ার লক্ষ্যে আমরা আপনার আন্তরিক দোয়া কামনা করছি।

## অভিভাবকের তথ্য

অভিভাবকের নাম : ............................................ মোবাইল : .................................. শিক্ষার্থীর সাথে সম্পর্ক ...........................

তালিবুল ইলমের নাম : ........................................................................ জামাত : ......................................... ।

## আরো কিছু তথ্য

০১। আপনার সন্তান মোবাইল ব্যবহার করার ক্ষেত্রে আপনার ভূমিকা কেমন হবে?

...................................................................................................................................................................

০২। একজন অভিভাবক হিসেবে ঘরের দ্বীনী পরিবেশ রক্ষায় আপনার পদক্ষেপগুলো কী কী?

...................................................................................................................................................................

০৩। সন্তানের শিক্ষার বিষয়ে আপনার ভবিষ্যত পরিকল্পনা কী?

...................................................................................................................................................................

- আমি প্রতিষ্ঠানের নিয়মাবলি ভালভাবে পড়েছি। আমার সন্তান ভর্তির সুযোগ পেলে প্রতিষ্ঠানের নিয়ম মেনে চলবে এবং অভিভাবক হিসেবে আমি আমার দায়িত্ব পালন করবো ইনশাআল্লাহ। অতএব, আমার সন্তানকে ভর্তির সুযোগ প্রদান করার জন্য অনুরোধ করছি।

......................................

অভিভাবকের স্বাক্ষর ও তারিখ